অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

শিশুরোগ বিশেষজ্ঞদের মাধ্যমে বাবা-মাদেরকে তাদের সন্তানদের টিকাদানের জন্য উৎসাহিত করা নিয়ে নতুন বিজ্ঞাপন চালু করা হচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

ইংরেজি ও স্প্যানিশ ভাষায় বিজ্ঞাপন প্রচার করা হবে যেখানে নিজেরাও সন্তানের বাবা-মা এমন শিশুরোগ বিশেষজ্ঞরা অন্য বাবা-মাদেরকে কোভিড-19 এর বিরুদ্ধে তাদের সন্তানকে টিকা দেওয়ার জন্য উৎসাহিত করবেন

এটি নিউ ইয়র্কের উপযুক্ত শিশুদের মধ্যে কোভিড-19 এর টিকা গ্রহণের হার বৃদ্ধিতে সাহায্য করার জন্য পরিচালিত #VaxForKids উদ্যোগের অংশ, এখন পর্যন্ত স্টেটজুড়ে আনুমানিক 500টি পপ-আপ টিকাদান কেন্দ্র চালু করা হয়েছে

নিউ ইয়র্ক স্টেটে 72.6% কিশোর-কিশোরী (12 - 17 বছর বয়সী) পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হয়েছে, 36% শিশু (5 - 11 বছর বয়সী) পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হয়েছে

সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত শিশুরা (5 - 17 বছর বয়সী) কোভিডের কারণে হাসপাতালে ভর্তি হওয়া থেকে কমপক্ষে 65% সুরক্ষিত রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের শিশুদের মধ্যে টিকা গ্রহণের হার বৃদ্ধির উদ্দেশ্যে নতুন মিডিয়া বিজ্ঞাপন চালুর ঘোষণা দিয়েছেন। এই মিডিয়া প্রচারণা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) #VaxForKids উদ্যোগের সর্বশেষ অংশ, যা শিশুদের ও পরিবারগুলোর সুস্থতাকে শীর্ষ অগ্রাধিকার দেওয়ার জন্য প্রশাসনের অঙ্গীকার সম্প্রসারণ করেছে।

"কোভিড-19 এর টিকা ডাক্তার অনুমোদিত, এবং এটি আমাদের শিশুদেরকে ও পরিবারকে গুরুতর অসুস্থ হওয়া বা হাসপাতালে ভর্তি হওয়া থেকে রক্ষার জন্য একমাত্র সেরা হাতিয়ার," **বলেছেন গভর্নর হোকল।** "এই নতুন মিডিয়া ক্যাম্পেইন বাবা-মায়েরা যাতে সরাসরি শিশুরোগ বিশেষজ্ঞ ও আস্থাভাজন স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কথা শুনতে পান সেটা নিশ্চিত করবে, যাতে তারা তাদের শিশুদের টিকা প্রদান করা কতটা গুরুত্বপূর্ণ তা বুঝতে পারেন। বাবা-মা ও অভিভাবকরা, যদি আপনি ইতোমধ্যে না করে থাকেন, তাহলে অনুগ্রহ করে টিকা গ্রহণ করা, এবং উপযুক্ত হলে বুস্টার ডোজ গ্রহণ করা সম্পর্কে আপনার সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞের সাথে কথা বলুন।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) ভারপ্রাপ্ত কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "এই মিডিয়া ক্যাম্পেইন বাবা-মা ও অভিভাবকদেরকে তাদের সবচেয়ে আস্থাভাজন উৎস, শিশুরোগ বিশেষজ্ঞদের কাছ থেকে আমাদের শিশুদের টিকা প্রদান করার গুরুত্ব সম্পর্কে জানতে সাহায্য করার মাধ্যমে আমাদের #VaxForKids ক্যাম্পেইনে সহায়তা করে। কোভিড-19 এর টিকা নিরাপদ, কার্যকর এবং 5 - 17 বছর বয়সী উপযুক্ত শিশু ও কিশোর-কিশোরীদের গুরুতর অসুস্থতা ও হাসপাতালে ভর্তি হওয়া থেকে রক্ষা করবে।"

এই নতুন ক্যাম্পেইনে নিউ ইয়র্ক স্টেটব্যাপী স্থানীয় শিশুরোগ বিশেষজ্ঞরা অংশ নিচ্ছেন যারা বাবা-মা ও অভিভাবকদের প্রতি তাদের উপযুক্ত শিশুদের পুরোপুরিভাবে টিকা দেওয়ার জন্য এবং তাদের সুপারিশকৃত ডোজগুলো হালনাগাদ রাখার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাতে গভর্নর হোকল ও স্টেটের স্বাস্থ্য বিভাগের সাথে সঙ্গে যোগ দিচ্ছেন। ডাক্তাররা শিশুদের জন্য এই ভাইরাসের সত্যিকারের ঝুঁকি সম্পর্কে কথা বলবেন, বিশেষ করে যদি তারা টিকা গ্রহণ না করে থাকে সেক্ষেত্রে। এই ক্যাম্পেইনে ইংরেজি ও স্প্যানিশ উভয় ভাষায় 30 সেকেন্ড ও 60 সেকেন্ডের টিভি বিজ্ঞাপন অন্তর্ভুক্ত রয়েছে। সোমবার, 4 এপ্রিল থেকে শুরু করে এই বিজ্ঞাপনগুলো প্রচার শুরু হবে এবং কয়েক সপ্তাহ ধরে চলমান থাকবে।

নতুন টিভি বিজ্ঞাপনগুলো নিচে দেওয়া হলো:
30-সেকেন্ডের ইংরেজি ভাষার সংস্করণ।
60-সেকেন্ডের ইংরেজি ভাষার সংস্করণ।
30-সেকেন্ডের স্প্যানিশ ভাষার সংস্করণ।
60-সেকেন্ডের স্প্যানিশ ভাষার সংস্করণ।

সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে যে 5 - 17 বছর বয়সী পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত শিশুরা কোভিড-সংক্রান্ত কারণে হাসপাতালে ভর্তি হওয়া থেকে কমপক্ষে 65% সুরক্ষিত রয়েছে।

ড. লরেন ওয়েইনট্রব, পেডিয়াট্রিক অনকোলজিস্ট, আলবানি মেডিকেইড সেন্টার (Albany Medicaid Center), আলবানি, NY বলেন, "আমি যখন আমার বন্ধু-বান্ধব ও পরিবারের সাথে কথা বলি, আমি বলি যে দেখুন, আমি টিকা নিয়েছি এবং আমি আমার সন্তানদের টিকা দিয়েছি।"

ড. অ্যালিসিয়া ম্যাসপ-ফ্লাওয়ার্স, পেডিয়াট্রিশিয়ান, MVP পেডিয়াট্রিক (MVP Pediatrics), কুইন্স, NY বলেন, "আমার প্র্যাক্টিসের বাচ্চারা যেমনটা বলে, আমি সর্বোচ্চ টিকা নিয়েছি।"

ড. ইলেইন স্কাল্ট, পেডিয়াট্রিশিয়ান, দ্য চিলড্রেন'স হসপিটাল অ্যাট মন্টেফিওর হসপিটাল (The Children's Hospital at Montefiore Hospital), ব্রঙ্কস, NY বলেন, "আমার পরিবারের প্রত্যেক সদস্য পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত ও বুস্টার গ্রহণ করেছে।"

ড. এলিজাবেথ মারি, পেডিয়াট্রিক ইমার্জেন্সি মেডিসিন, গোলিসানো চিলড্রেন'স হাসপাতাল (Golisano Children's Hospital), রচেস্টার, NY বলেন, "আমি কখনোই এমন কিছু সুপারিশ করবো না যা আমার নিজের সন্তানদের জন্য নিরাপদ বলে মনে করি না। এবং আমার সন্তানরা যত দ্রুত সম্ভব টিকা গ্রহণ করেছে।"

ড. ইভ মেলজার-ক্রিফ, পেডিয়াট্রিশিয়ান, হান্টিংটন ভিলেজ পেডিয়াট্রিকস (Huntington Village Pediatrics), মৈত্রী চিকিৎসক গ্রুপ, হান্টিংটন, NY বলেন, "আমি বাবা-মাদেরকে সবসময় বলি যে আমি আমার সন্তানদের যথাশীঘ্র সম্ভব টিকা দিয়েছি। তাদের জন্য সেগুলো পাওয়া যাওয়ার সাথে সাথে।"

ড. ফিলিপ হেভনার, পেডিয়াট্রিশিয়ান, গুথরি, বিগ ফ্ল্যাটস, NY বলেন, "আমার তিনটি বাচ্চা, আমি তাদের সবাইকে টিকা দিয়েছি। আমি কখনোই আমার সন্তানদের প্রতি এমন কিছু করবো না যা পুরোপুরি নিরাপদ নয়।"

উপযুক্ত শিশু ও কিশোর-কিশোরীদের মধ্যে টিকা ও বুস্টার গ্রহণের হার বৃদ্ধির জন্য স্টেট সম্প্রতি বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। এখন পর্যন্ত, স্টেটের #VaxForKids কর্মসূচির মাধ্যমে 261টিরও বেশি পপ-আপ সাইট স্থাপন করা হয়েছে, যার আগে #VaxToSchool ক্যাম্পেইনের মাধ্যমে 235টিরও বেশি সাইট স্থাপন করা হয়েছিল।

CDC-এর প্রদত্ত ডাটা অনুযায়ী 5 - 11 বছর বয়সী শিশুদের 42.3% এবং 12 - 17 বছর বয়সী কিশোর-কিশোরীদের 82.5% কমপক্ষে টিকার একটি ডোজ গ্রহণ করেছে। 5 - 11 বছর বয়সী শিশুদের 36% এবং 12 - 17 বছর বয়সী কিশোর-কিশোরীদের 72.6% পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হয়েছে। টিকাদানের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট দেশকে নেতৃত্ব দেয়া অব্যাহত রেখেছে। CDC-এর ডাটা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেট বর্তমানে শীর্ষ দশটি বৃহৎ স্টেটের মধ্যে 5 - 11 বছর বয়সী পুরোপুরিভাবে টিকাপ্রাপ্তদের সংখ্যার দিক থেকে দ্বিতীয় অবস্থানে এবং 12 - 17 বছর বয়সী পুরোপুরিভাবে টিকাপ্রাপ্তদের সংখ্যার দিক থেকে প্রথম অবস্থানে রয়েছে।

জনগোষ্ঠী অনুযায়ী টিকাগ্রহণের সর্বশেষ ডাটা এখানে পাওয়া যাবে।

পাঁচ বা তার বেশি বয়সী শিশুরা ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকার পাওয়ার যোগ্য। 7 জানুয়ারি, 2022 পর্যন্ত, 12 বা তার বেশি বয়সী কিশোররা তাদের প্রাথমিক টিকা সিরিজ শেষ করার কমপক্ষে পাঁচ মাস পর ফাইজার-বায়োএনটেক টিকার বুস্টার ডোজ পাওয়ার যোগ্য। পাশাপাশি, রোগ প্রতিরোধ ব্যবস্থায় নির্দিষ্ট কিছু সমস্যা রয়েছে এমন 5 - 11 বছর বয়সী শিশুরা এখন তাদের প্রাথমিক টিকার সিরিজ শেষ করার কমপক্ষে 28 দিন পরে ফাইজার-বায়োএনটেক টিকার বাড়তি ডোজ পাওয়ার যোগ্য।

কোভিড-19 টিকা বিনামূল্যে স্টেটে ব্যাপকভাবে পাওয়া যাচ্ছে, এর মধ্যে শিশুদের টিকা প্রদানের জন্য 2,000 স্থান। স্টেটের সব গণ টিকাদান কেন্দ্র পাঁচ বছর ও তারবেশি বয়সী শিশুদের জন্য টিকা, 12 বছর ও তারবেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য বুস্টার ডোজ, এবং রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল থাকা পাঁচ বছর ও তারবেশি বয়সী শিশুদের জন্য বাড়তি ডোজ প্রদান করছে।

স্টেটের পপ-আপ সাইট ও গণ টিকাদান কেন্দ্রগুলোর পাশাপাশি নিউ ইয়র্কবাসীরা vaccines.gov ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন।

এছাড়াও বাবা-মা ও অভিভাবকরা তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতা অর্জনকারী স্বাস্থ্য কেন্দ্র (FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র বা ফার্মেসি, যেগুলো এই বয়সী গ্রুপের জন্য টিকাদান পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে পারেন। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে।

পিতা-মাতা ও অভিভাবকরা তাদের শিশুকে সমস্ত প্রস্তাবিত এবং প্রয়োজনীয় টিকা সম্পর্কে হালনাগাদ রেখেছেন তা নিশ্চিত করতে উৎসাহিত করা হচ্ছে, যার মধ্যে ফ্লু এর টিকা অন্তর্ভুক্ত। প্রস্তাবিত শৈশব এবং কৈশোরদের টিকাদান সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ডিপার্টমেন্ট অফ হেলথ ওয়েবসাইট দেখুন। কোভিড-19 এর টিকা ও শিশুদের সম্পর্কে আরো তথ্য ও সংস্থানের জন্য বাবা-মা ও অভিভাবকদের ny.gov/VaxForKids ওয়েবসাইটে ভিজিট করতে উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418